# পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম



**সমস্যা :** আমার পিসির হার্ডডিস্ক সাইজ ছিল ৫০০ গিগবাইট। নতুন ১ টেরাবাইটের হার্ডডিস্ক কিনে তা সেট করলাম, কিন্তু কমপিউটার চালু করলে হার্ডডিস্ক পাচ্ছে না বলে মেসেজ দিচ্ছে। হার্ডডিস্কে সমস্যা মনে করে যেখান থেকে কিনেছি, সেই দোকানে নিয়ে যাওয়ার পর তারা চেক করে দেখে বলল হার্ডডিস্ক ঠিক আছে, আমার মেশিনে সমস্যা। সমস্যা কি হার্ডডিস্কে নাকি মেশিনে তা নিয়ে বেশ বিভ্রান্তির মধ্যে আছি। সমাধান জানালে উপকৃত হব।

–রাজ্জাক, চট্টগ্রাম

**সমাধান :** কমপিউটার চালুর পর হার্ডডিস্ক খুঁজে




না পাওয়ার বেশ কয়েকটি কারণ রয়েছে। আপনার পিসির হার্ডডিস্ক সমস্যা সমাধানের জন্য যা যা করতে হবে, তা তুলে ধরা হলো– ০১. পাওয়ার সাপ্লাই ইউনিট থেকে আসা পাওয়ার কানেক্টরটি হার্ডডিস্কের পোর্টে সঠিকভাবে লাগানো আছে কি না তা দেখুন। মাঝে মাঝে পাওয়ার কানেকশন আলগা থাকলে এ সমস্যা দেখা দেয়। ০২. মাদারবোর্ডের সাথে হার্ডডিস্কটির সাটা ক্যাবল ঠিকভাবে সংযুক্ত আছে কি না তা দেখতে হবে। যদি না থাকে তাহলে তা ঠিক করে দিতে হবে। ভালোমানের সাটা ক্যাবল ব্যবহার করুন। মাদারবোর্ডে থাকা সাটা পোর্ট ভালো আছে কি না তা দেখুন। সাটা ক্যাবলের কানেক্টরটি মাদারবোর্ডের অন্যান্য সাটা পোর্টে লাগিয়ে দেখুন তা পায় কি না। ০৩. হার্ডডিস্কের কানেকশন পোর্টের কোনো পিন বাঁকা বা ভেঙে গেছে কি না তাও দেখে নিন। ০৪. বায়োসে গিয়ে সাটা ডিভাইস ডিটেকশন অটো করা নাকি ডিজ্যাবল করা তা চেক করুন। ডিজ্যাবল থাকলে তা এনাবল বা অটো মোডে দিয়ে দিন। ০৫. অপটিক্যাল ড্রাইভের কানেকশন খুলে রেখে হার্ডডিস্ক কানেক্ট করে দেখুন। ০৬. হার্ডডিস্কটি মাদারবোর্ডের সাথে প্রাইমারি না সেকেন্ডারি হিসেবে যুক্ত তা ঠিক করে নিন। সেকেন্ডারি থাকলে প্রাইমারি করে দিন।



**সমস্যা :** আমার ল্যাপটপ যখন প্লাগইন করা হয়, তখন এটি চার্জ হচ্ছে দেখায়। কিন্তু যে মুহূর্তে চার্জারের প্লাগ খুলে ফেলা হয় ল্যাপটপ বন্ধ হয়ে যায়। এ সমস্যা কেন হচ্ছে তা জানালে উপকৃত হব।

–রানা



**সমাধান :** ল্যাপটপের চার্জিং পোর্টে চার্জিং ক্যাবল কানেক্টর লাগানো থাকা অবস্থায় ল্যাপটপ চার্জ হচ্ছে দেখাচ্ছে, কিন্তু আসলে তা চার্জ নাও হতে পারে। এর কারণ হতে পারে ব্যাটারি ঠিকমতো লাগানো নেই বা ব্যাটারি চার্জ হচ্ছে না। এ ক্ষেত্রে ব্যাটারি খুলে তা আবার লাগিয়ে নিন এবং ঠিকভাবে লক হয়েছে কি না দেখুন। ব্যাটারির কানেক্টরে ময়লা জমে কানেকশনে কোনো সমস্যা করছে কি না তা দেখুন। যদি ময়লা থাকে তবে নরম কাপড় দিয়ে তা মুছে ফেলুন। যদি ময়লা না যায়, তবে বাজার থেকে ইলেকট্রিক কানেক্টর ক্লিনার কিনে নিন। সেটি দিয়ে কানেকশন পোর্টগুলো ভালো করে মুছে নিন। এরপর ব্যাটারি লাগিয়ে কিছুক্ষণ চার্জ করে প্লাগ খুলে দেখুন আবার বন্ধ হয়ে যায় কি না। যদি না যায়, তবে বুঝবেন ঠিক হয়ে গেছে। আর যদি আবার বন্ধ হয়ে যায়, তবে ব্যাটারি বদলাতে হবে। নতুন ব্যাটারি লাগানোর পরও যদি এ সমস্যা হয়, তবে বুঝতে হবে মাদারবোর্ডের চার্জিং সার্কিটে সমস্যা হয়েছে। এজন্য ল্যাপটপের মাদারবোর্ড চেক করার জন্য ভালো কোনো টেকনিশিয়ানের কাছে ল্যাপটপটি দেখান কজ

*ফিডব্যাক : **jhutjhamela24@gmail.com***